

স্মারক নং-রাক/.....

তারিখ: ২৩/১২/১৬

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে রিজলিভ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ভর্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে রিজলিভ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ১৫/১২/২০১৬ থেকে ২০/১২/২০১৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd/admissions এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫"×১১") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে www.rc.edu.bd ওয়েবসাইটে Online Admission লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।

১। ভর্তির সময়সূচি:

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ ১৭/১২/২০১৬ থেকে ২০/১২/২০১৬ তারিখ বেলা ০২:০০ টার মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

২। ভর্তি ফিস জমা:

শিক্ষার্থীদের কলেজ ওয়েবসাইট (www.rc.edu.bd) এ প্রবেশ করে অনলাইন ভর্তির নির্দেশিকা অনুসারে ধাপ অনুযায়ী যথাযথ প্রক্রিয়া সম্পাদনের পর রাজশাহী কলেজ হতে একটি রেফারেন্স ID ও Password পাওয়া যাবে এবং সেটা সংশ্লিষ্ট শিক্ষার্থীকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। এই ID ব্যবহার করে নির্ধারিত ফিসের টাকা ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১৭/১২/২০১৬ থেকে ২০/১২/২০১৬ তারিখের মধ্যে জমা দিতে হবে। কলেজ ওয়েবসাইট-এ নোটিশ কর্নার হতে ফিসের পরিমাণ জানা যাবে।

DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:

ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।

খ) '1' (One) নং পেমেণ্ট সিলেক্ট করুন।

গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।

ঘ) Bill No-এ আপনার রেফারেন্স ID টি দিন।

ঙ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন।

চ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।

ছ) Ok অথবা Send বাটন ক্লিক করুন।

জ) প্রাপ্ত TrxID সংরক্ষণ করত: পরবর্তীতে ব্যবহার করে Admission Confirmation Slip Download করতে হবে।

DBBL Help Line- 16216 (তথ্য পাওয়ার প্রয়োজনে)

*** যে সকল শিক্ষার্থীর স্মার্টফোন আছে তারা rc.edu.bd/online-form-fillup অথবা সরাসরি 180.211.183.206/EasyCollegeMate/hons-form-fillup link-এ প্রবেশ করে নিজেরাই ডাচবাংলা মোবাইল ব্যাংকিং ফি পরিশোধ করে TrxID সংগ্রহ পূর্বক ফরম পূরণ করতে পারবে।

৩। অনলাইন প্রিন্ট কপি র সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:

ক) এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, স্নাতক(পাস)/সম্মান পাশের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) স্নাতক(পাস)/স্নাতক(সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি-১ কপি করে।

গ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ১ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।

ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।

ঙ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।

চ) DBBLমোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে প্রাপ্ত TrxID এবং admission www.rc.edu.bd ওয়েবসাইটে online admission Login অপশনে প্রবেশ করে রেফারেন্স ID এবং নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার পূর্বক Confirmation Slip ডাউনলোড কপি প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে।

৪। ভর্তির সময় অবশ্যই বিভাগীয় প্রধানকে সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ/ভুল/মিথ্যা তথ্য সম্বলিত/প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া ভর্তি বাতিল বলে গণ্য হবে।

বিঃদ্র: কোন শিক্ষার্থী একই সাথে ও সময়ে/শিক্ষাবর্ষে একই/বিভিন্ন শ্রেণিতে/ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণ করলে তার ক্ষেত্রে ভর্তি ও পরীক্ষার ফলাফল (যদি থাকে) দ্বৈতভর্তিজনিত কারণে বাতিল বলে গণ্য হবে।

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

তারিখ:.....

স্মারক নং-রাক/.....

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তির আবেদন ফরম ২১/১২/২০১৬ তারিখের মধ্যে অনলাইনে নিশ্চয়ন করতে হবে, ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং শূন্য আসনের তালিকা ২২/১২/২০১৬ তারিখ বেলা ১:০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।
- ২। আস্থায়িক, ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৩। আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৪। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালিয়া মডেল থানা, রাজশাহী।
- ৬। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৭। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী